কুষ্টিয়ায় অনুমোদনহীন ৬ ইটভাটাকে ২৪ লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় অনুমোদনহীন ৬টি ইটভাটার মালিককে ২৪ লাখ টাকা জরিমানা করেছেন পরিবেশ অধিদপ্তরের ভ্রাম্যমাণ আদালত। এ সময় ভাটার দুই লাখ কাঁচা ইট ধ্বংস করা হয়েছে।

সোমবার (৯ জানুয়ারি) সকাল থেকে বিকেল পর্যন্ত এই অভিযান চালানো হয়। অভিযান পরিচালনা করেন দৌলতপুর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শহীদুল ইসলাম।

ভাটাগুলোর মধ্যে আদাবাড়িয়া এলাকার আরইউবি ব্রিকসকে ৫ লাখ, দুখীপুরের আরএনবি ব্রিকসকে ৩ লাখ, কিশোরীনগরের এসআরবি ব্রিকসকে ৩ লাখ, ডাংমড়কা এলাকার এমআরএন ব্রিকসকে ৩ লক্ষ টাকা, এনবিএল ব্রিকসকে ৫ লাখ ও প্রাগপুর মাঠপুর এলাকার বিএনবি ব্রিকসকে ৫ লাখ টাকা জরিমানা করা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট ও দৌলতপুর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. শহীদুল ইসলাম জানান, ইট প্রস্তুত আইন-২০১৩ অমান্য করে ইটভাটায় ফসলি জমির মাটি ব্যবহার, কাঠ পোড়ানো ও লাইসেন্স নবায়ন না থাকায় ৬ ইটভাটার মালিককে ২৪ লাখ টাকা জরিমানা করা হয়।

কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক মোহাম্মদ আতাউর রহমান বলেন, কুষ্টিয়া জেলায় ১৬৮টি ইট ভাটা আছে। যার মধ্যে মাত্র ২২টি বৈধ। বাকি সব অবৈধভাবে পরিচালিত হয়ে আসছে। আর দৌলতপুর উপজেলায় ২৯টি ইটভাটা আছে। এর মধ্যে মাত্র একটি ভাটা বৈধ। অবৈধ এসব ইট ভাটায় প্রতি মৌসুমে লাখ লাখ টন কাঠ পোড়ানো হচ্ছে। অবৈধ এসব ভাটার বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে।

হোটেল আটলান্টিকা কাণ্ড

মামলায় শোন এ্যারেস্ট সাংবাদিক জনি

ক্যামেরা ছিনতাই, প্রতারণা মামলার আসামি এশিয়ান টিভির জেলা প্রতিনিধি সাংবাদিক মিজানুর রহমান জনিকে হোটেল আটলান্টিকার ঘটনায় মামলার আসামি হিসেবে গ্রেফতার মঞ্জুর করেছে আদালত।

গতকাল রবিবার দুপুরে মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট তারিক হাসানের আদালতে মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই আশরাফ আলী গ্রেফতার দেখানোর আবেদন জানালে বিজ্ঞ বিচারক মঞ্জুর করেন।

মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই আশরাফ আলী জানান, হোটেল আটলাণ্টিকা কাণ্ডে মিজানুর রহমান জনির সমপক্ততা তুলে ধরে আদালতে শোন এ্যারেস্টের আবেদন করা হয়। বিজ্ঞ আদালত শুনানী পর্যবেক্ষন শেষে তার শোন এ্যারেষ্ট মঞ্জুর করেছেন।

হোটেল আটলান্টিকা কাণ্ডে ব্লাকমেইলার চার সাংবাদিকের অন্যতম মিজানুর রহমান জনি। এ নিয়ে আসামি প্রিয়া খাতুন ও ছন্দা পৃথক পৃথক ১৬৪ ধারার জবানবন্দিতে জনিকে অভিযুক্ত করেন। এ নিয়ে সংবাদ প্রকাশের পর থেকে জনি আত্নগোপনে ছিলেন।

অপরদিকে, সাংবাদিক মোঃ মিজানুর রহমান জনি-কে চাঁদাবাজি ও প্রতারণা গত ১৮ ডিসেম্বর চুয়াডাঙ্গা শহর থেকে গ্রেফতার করে মেহেরপুর সদর থানা পুলিশ।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের সহযোগিতায় মেহেরপুর সদর থানা পুলিশের একটা টিম তাকে এনটিভি মেহেরপুর জেলা প্রতিনিধির ক্যামেরা ছিনতাই ও প্রতারণার অভিযোগে গ্রেফতার করে।

গত ২২ এ নভেম্বর মেহেরপুর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে নিজে বাদি হয়ে একটা মামলা দায়ের করেন সাংবাদিক রেজ আন উলবাসার তাপস। বিজ্ঞ আদালত মামলাটি আমলে নিয়ে সদর থানা পুলিশকে এফআরআই এর নির্দেশ দেন।

কালীগঞ্জের মাঠ থেকে স্কুল শিক্ষকের লাশ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ঈশ^রবা এলাকার একটি মাঠ থেকে তাপস বিষ্ণু (৫৫) নামে স্কুল শিক্ষকের লাশ উদ্ধার করেছে পুলিশ।

রোববার সকাল ১১ টার দিকে কালীগঞ্জ-কোটচাঁদপুর সড়কের ঈশ^রবা এলাকার জামতলা এলাকা থেকে উদ্ধার করা হয়। চাঁচড়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক তাপস বিষ্ণু উপজেলার গোপালপুর এলাকার সুনীল বিষ্ণুর ছেলে।

স্থানীয়দের ভাষ্যমতে, শনিবার রাত থেকে তাপস বিষ্ণু ঈশ^রবা জামতলা এলাকার দোকানে চা-নাস্তা খেয়েছেন। রাত ৯ টার পর থেকে তাকে আর এলাকায় দেখা যায়নি। সকালে কৃষকরা জমিতে পানি দিতে গিয়ে কাঁদার মধ্যে তাকে পড়ে থাকতে দেখে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাকে উদ্ধার করে।

তাপস বিষ্ণুর ভাই বিদ্যুৎ বিষ্ণু জানান, শনিবার দুপুর থেকে তার ভাই নিখোঁজ ছিলেন। অনেক স্থানে খোঁজাখুঁজি করেও তাকে পাওয়া যায়নি। রোববার সকালে ভাইকে খুঁজতে তিনি কালীগঞ্জ শহরে আসেন। এরপর খবর পান ঈশ^রবা গ্রামের মাঠে একজনের লাশ পড়ে আছে। খবর পেয়ে তিনি ঘটনাস্থলে পৌঁছে লাশ শনাক্ত করেন। তার ভাই দীর্ঘদিন মানসিক রোগে ভুগছিলেন।

কালীগঞ্জ থানার ওসি আব্দুর রহিম মোল্লা জানান, মৃত্যুর কারণ জানতে মরদেহ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট পেলে মৃত্যুর কারণ জানা যাবে বলেও জানান তিনি।

মেহেরপুরে ইটভাটার কাদামাটি

সড়কে, আদালতের স্বপ্রণোদিত মামলা

মেহেরপুরের সড়কগুলো ইটভাটার কাদামাটিতে পথচারীদের দূর্ভোগ হওয়ায় আদালত স্বপ্রণোদিত হয়ে মামলা দায়ের করেছেন। গত ৩ জানুয়ারি একটি জাতীয় দৈনিকে এ সংক্রান্ত রিপোর্ট প্রকাশিত হয়। রিপোর্টটি মেহেরপুর আমলী ম্যাজিস্ট্রেটের নজরে এলে তিনি স্বপ্রণোদিত হয়ে মামলাটি দায়ের করেন।

গতকাল শনিবার দুপুরে মামলার শুনানি মেহেরপুর আমলী আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ এই আদেশ প্রদান করেন। আদেশে ইন্সপেক্টর পদমর্যাদার নিচে নয় এমন কর্মকর্তাকে দিয়ে তদন্তপূর্বক আগামী ২৩ জানুয়ারির মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য বিশেষ পুলিশ সুপার, পিবিআই, কুষ্টিয়াকে নির্দেশ প্রদান করা হয়। একই সাথে অবৈধ ইট ভাটার বিষয়ে উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, কুষ্টিয়াকে স্বতন্ত্র প্রশাসনিক তদন্ত এবং আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়।

সংবাদে উল্লেখিত বিষয়টি সত্য হলে তা দণ্ডবিধির ধারা ২৯০, ৪৩১ সহ ইট প্রস্তুত ও ভাটা (নিয়ন্ত্রণ) আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ মর্মে উল্লেখ করে এ বিষয়ে পূর্ণাঙ্গ তদন্তপূর্বক দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ সমীচীন মর্মে আদেশে উল্লেখ করা হয়।

সংবাদে উল্লেখ করা হয়েছে, জেলায় ১০৩টি ইটভাটার অধিকাংশ অবৈধ এবং আবাসিক এলাকা ও শিক্ষা প্রতিষ্ঠান সংলগ্ন জমিতে স্থাপন করা হয়েছে। যা দণ্ডবিধিতে শাস্তিযোগ্য অপরাধ।

কোনোরূপ ব্যর্থতা ব্যতিরেকে আগামী ২৩ জানুয়ারির মধ্যে ইন্সপেক্টর পদমর্যাদার নিচে নয় এমন কর্মকর্তাকে দিয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য বিশেষ পুলিশ সুপার, পিবিআই, কুষ্টিয়াকে নির্দেশ প্রদান করা হয়।

মেহেরপুরে পল্লী বিদ্যুতের খুটি স্থাপনে অনিয়মের অভিযোগ

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের সম্প্রসারণ কাজের জন্য নতুন করে মেহেরপুরের অংশে পল্লী বিদ্যুতের খুটি স্থাপনের কাজে অনিয়মের অভিযোগ উঠেছে। নির্দিষ্ট মাপের থেকে কম পরিমানে পোতার অভিযোগ উঠেছে। আর এ অনিয়মের মাধ্যমে দুর্নীতির আশ্রয় নিয়েছেন হাশেম আলী নামের এক ঠিকাদার। তবে পল্লী বিদ্যুতের কর্তৃপক্ষ বলছে সঠিকভাবে কাজ বুঝে নেওয়া হবে।

পল্লী বিদ্যুৎ অফিস সূত্রে জানা গেছে, মেহেরপুর- কুষ্টিয়া সড়কের সম্প্রসারণ কাজের জন্য মেহেরপুর থেকে খলিসাকুণ্ডি পর্যন্ত ৫৮৭টি বিদ্যুতের খুটি ও সংযোগ স্থাপনের জন্য পল্লী বিদ্যুৎ ৫ কোটি ১৫ লাখ টাকার প্রকল্প তৈরি করে। সে অনুযায়ী সড়ক ও জনপথ বিভাগ পল্লী বিদ্যুতের অনুকুলে ওই টাকা জমা করে। পল্লীবিদ্যুৎ সমিতি থেকে দরপত্রের মাধ্যমে চার জন ঠিকাদার বিদ্যুৎ খুটি স্থাপনের কাজ পায়। এর মধ্যে হাশেম আলী পিয়াদা মেহেরপুর থেকে বামন্দি পর্যন্ত ৭টা লটে ৪৩৭টি খুটি স্থাপন বাবদ কাজ পেয়েছেন ৭০ লাখ টাকার। এছাড়া তাজুল ইসলাম, মোজাম্মেল হক ও মামুনুর রশিদ একটি করে লটে ১০ লাখ টাকা করে ৩০ লাখ টাকা কাজ পান। এছাড়া বাকি ৪ কোটি ১৫ লাখ টাকার কাজ পল্লী বিদ্যুৎ নিজস্ব ভাবে সম্পন্ন করবে। এর মধ্যে বৈদ্যুতিক, তারসহ অন্যান্য সরঞ্জাম রয়েছে। যে কাজগুলো খুটি স্থাপনের পর শুরু হবে।

মেহেরপুর সদর উপজেলার দিঘীর পাড়া থেকে মদনাডাঙ্গা পর্যন্ত সরেজমিন পরিদর্শন করে দেখা গেছে, প্রতিটি খুটিতে নির্দিষ্ট মাপ মত পোতার জন্য চিহৃ দেওয়া থাকলেও কোনটি দুই ফুট কোনটি এক ফুট কম পোতা হয়েছে।ফলে বৃষ্টি বা ঝড়ে খুটিগুলো হেলে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

এছাড়া নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন শ্রমিক জানিয়েছেন, খুটির নিচে ৩৩ কেভি গ্রাউণ্ডিং প্লেট দেওয়ার কথা থাকলেও পল্লী বিদ্যুৎ সমিতি থেকে গ্রাউণ্ডিং প্লেট গুলো দেওয়া হয়নি। ফলে ঠিকাদার ও পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তারা মিলে যার যার মত করে অর্থ আত্মসাৎ করেছেন বলে অভিযোগ উঠেছে।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এজিএম (ই এন্ড সি) প্রকৌশলী নাজমুন নাহার জেরিন জানান, সড়ক ও জনপথ বিভাগের আবেদনের প্রেক্ষিতে ৫ কোটি ১৫ লাখ টাকা ব্যয়ে মেহেরপুরের পল্লী বিদ্যুৎ সমিতির কার্যালয় থেকে খলিসাকু্◌িড পর্যন্ত ৫৮৭ টি নতুন খুটি স্থাপন ও বিদ্যুত সংযোগ স্থাপন করা হবে। এর মধ্যে বিভিন্ন মাপের খুটি রয়েছে। ২৫ ফুট খটি ৫ ফুট, ৩০ ও ৩৫ ফুট সাইজের খুটি সাড়ে ৫ফুট, ৪০ ফুটের খুটি ৬ ফুট, ৪৫ ফুটের খুটি সাড়ে ৬ফুট, ৫০ ফুটের খুটি ৭ ফুট এবং ৬০ ফুটের খুটি ৮ফুট মাটির নিচে স্থাপন করতে হবে। কোন ঠিকাদার যদি এর ব্যত্যয় করেন তাহলে নতুন করে আবার স্থাপন করিয়ে নেওয়া হবে।

তবে গ্রাউণ্ডিং প্লেটের বিষয়ে তিনি বলেন, ঠিকাদারদের সরবরাহ করা হয়েছে। যখন কাজ দেখে নেওয়া হবে তখন নিয়মানুযায়ী সব দেখে তারপর বিল দেওয়া হবে।

ঠিকাদার হাশেম আলী পিয়াদা তিনিই একাই পেয়েছেন ৭টি লটের ৪৩৭ টি খুটি স্থাপনের জন্য ৭০ লাখ টাকার কাজ। তিনি জানান, পল্লী বিদ্যুতের নিয়মানুযায়ী খুটি পোতা হয়েছে। তবে যে যে যায়গায় পোতা সম্ভব হয়নি সেখানে ততটুকু পোতা হয়েছে।

মেহেরপুর পল্লী বিদ্যুত সমিতির জেনারেল ম্যানেজার (জিএম) আবু রায়হান বলেন, নির্দিষ্ট মাপ অনুযায়ী খুটি না পোতা হলে বৃষ্টি বা ঝড় হলে হেলে যায়। যেখানে অনেক ক্ষতির সম্ভাবনা থাকে। যে কারণে নির্দিষ্ট মাপমত খুটি পোতা জরুরি। এ বিষয়ে তিনি বলেন, ঠিকাদারের কাছে থেকে এখনো কাজ বুঝে নেওয়া হয়নি। যখন কাজ বুঝিয়ে দেবে, তখন কোনো ত্রুটি পেলে দরপত্রের নিয়মানুযায়ী কাজ বুঝে নেওয়া হবে।

দামুড়হুদা হোগলডাঙ্গা গ্রামের বীর মুক্তিযোদ্ধা আঃ লতিফের

ইন্তেকাল

দামুড়হুদা উপজেলার হোগলডাঙ্গা গ্রামের সাবেক উপ-সহকারী কৃষি কর্মকর্তা বীর মুক্তিযোদ্ধা আঃ লতিফ ইন্তেকাল করেছেন (ইন্না- লিল্লাহি………. রাজিঊন)।

বীর মুক্তিযোদ্ধা আঃ লতিফ দীর্ঘদিন দামুড়হুদা উপজেলা উপ-সহকারী কৃষি কর্মকর্তা হিসাবে নিয়োজিত ছিলেন।

শনিবার দুপুর ১টার দিকে কুষ্টিয়ার একটি বেসরকারি হাসপাতালে তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়ে ছিলো ৭৩ বছর। তিনি দামুড়হুদা বাসট্যান্ড পাড়ায় বসবাস করতেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে ও এক মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বেশ কিছুদিন যাবৎ তিনি দূরারোগ্য ব্যাধি ক্যানসার রোগে ভূগছিলেন। মৃত্যুর আগে তিনি নছিহত করে গিয়েছিলেন মৃত্যুর পর যেন আমাকে (আঃ লতিফ) রাষ্ট্রীয় মর্যাদায় দাফন তথা গার্ড অব অর্নার দেওয়া না হয়। এ বিষয়টি নিহতের পারিবারিক ভাবে নিশ্চিত করেছেন।

শনিবার সন্ধ্যায় দামুড়হুদা বাসস্ট্যান্ড জামে মসজিদে একাদফা জানাজা নামাজ এবং নিজ জন্মভূমি হোগলডাঙ্গায় রাত ৮টায় দ্বিতীয়দফা জানাজা নামাজ শেষে কবরস্থানে দাফন কার্যসম্পন্ন হয়।

দামুড়হুদার পীরপুরকুল্লায় বিয়ের ৫ দিনের মাথায় প্রেমিকের সাথে লাপাত্তা নববধূর

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামে বিয়ের ৫ দিনের মাথায় ঘরে স্বামী রেখে প্রেমিকের হাত ধরে নববধূর লাপাত্তা হবার ঘটনা ঘটেছে।

জানা গেছে,পীরপুরকুল্লা গ্রামের নতুন পাড়ার নাজিম উদ্দীন (কালু) ছেলে প্রবাসী আশরাফের কন্যা সপ্তম শ্রেনীর ছাত্রী আরফিনার

দুধপাতিলা গ্রামের এক গরু ব্যাবসায়ী ছেলের সাথে ৫ দিন পূর্বে বাল্য বিবাহ অনুষ্ঠিত হয়। তার পরিবার বড়লোক ছেলে দেখে বিয়ে দিলেও তার মন পড়ে থাকে যশোরের প্রেমিকের প্রতি। ঘরে একদিকে নতুন জামাই আরেক দিকে আরফিনার ছোট মার আত্মীয় পরিচয়ে হাজির যশোরের সে প্রেমিক। দুদিন সে প্রেমিক তার বাড়িতে অবস্থান করে সুযোগ বুঝে গত শুক্রবার আরফিনা ও তার প্রেমিক পাড়ি জমায় যশোরে।

পরবর্তীতে আরফিনার পরিবার আজ শনিবার যশোরে গেছে আরফিনা ও তার প্রেমিকের পরিবারের সাথে বসে সমাধান করতে।আরফিনার দাদী জানান আরফিনার স্বামী তো তাকে আর নেবেনা। এখন সেখানেই দিতে হবে।আরফিনার মা জানান মেয়ে তার কাছে চলে গেছে এখন দেখা যাক কি হয়।স্থানীয় অনেকে নাম না প্রকাশ করার শর্তে বলেন আরফিনার মা ও তার ছোট মা যশোরের ছেলের সাথে প্রেমের সব সম্পর্ক জানে। ওর ছোট মা ছেলেকে ডেকে এনে তার হাতে কৌশলে তুলে দিয়ে এখন নাটক করছে।কারন আরফিনার বাবা প্রবাসে থাকে সে জানলে তাদের বকাবকি করবে।
ঘরে নতুন স্বামী রেখে প্রেমিকের হাত ধরে চলে যাওয়ার আরফিনার প্রতি ছি ছি রব উঠেছে এলাকায়।সেই সাথে আরফিনার বাল্য বিবাহ দেবার সাথে জড়িত তার অভিভাবক, ঘটক ও যিনি বিবাহ পড়িয়েছেন তার কঠোর শাস্তির দাবী তুলেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

চুয়াডাঙ্গায় মুক্তিযোদ্ধার প্রতিকৃতিতে অগ্নিসংযোগ ও পদাঘাত

চুয়াডাঙ্গায় বীরমুক্তিযোদ্ধার বিরুদ্ধে বানোয়াট মিথ্যা অভিযোগ তুলে মানববন্ধন এবং প্রতিকৃতিতে অগ্নিসংযোগ ও পদাঘাত করা হয়েছে। এঘটনায় অভিযুক্তদের গ্রেফতারের দাবি জানিয়ে দর্শনা মুক্তিযোদ্ধা পৌর কমান্ডারের পক্ষ থেকে প্রতিবাদ জানানো হয়েছে।

আজ শনিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে ওয়েভ ফাউন্ডশনের চাকুরীহারা কর্মীদের ব্যানারে কতিপয় ব্যাক্তি এহন

কর্মকান্ড ঘটায়।

চুয়াডাঙ্গা দর্শনার বীরমুক্তিযোদ্ধা মহসিন আলীর ওয়েভ ফাউন্ডেশনের নামের একটি এনজিও প্রতিষ্ঠন রয়েছে। যার নির্বাহী পরিচালক মহসীন আলী। বিভিন্ন সময়ে আর্থীক অনিয়ম এবং নারী কেলেংকারীর অভিযোগে এ প্রতিষ্ঠন থেকে কিছু কর্মী চাকুরীচ্যুত হয়। এতে ক্ষিপ্ত হয়ে কতিপয় কর্মী পরিচালকের বিরুদ্ধে নানা মিথ্যা বানোয়াট অভিযোগ তুলে শনিবার চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে মানববন্ধন করে।

মানবন্ধন শেষে বীরমুক্তিযোদ্ধা মহসিন আলীর প্রতিকৃতিতে অগ্নিসংযোগ ও পদাঘাত করেন। এটা মুক্তিযোদ্ধার চেতনায় আঘাত এবং দেশের শ্রেষ্ট সন্তাদের প্রতি অন্মান বলে দর্শনা পৌর মুক্তিযোদ্ধা কমান্ড মনে করছেন। এর প্রতিবাদে এক বিবৃত্তি দিয়েছেন এবং অভিযুক্তদের দৃষ্টান্তমূলোক শাস্তির দাবি জানিয়েছে।

চোরাচালান মালামাল উদ্ধারে দেশের ২য় মেহেরপুর পুলিশ

সারাদেশের মধ্যে চোরাচালান মালামাল উদ্ধারে গ গ্রুপে দ্বিতীয় স্থান উদ্ধার করেছে মেহেরপুর জেলা পুলিশ।

শনিবার পুলিশ সপ্তাহের অনুষ্ঠানে আইজিপি আব্দুল্লাহ আল মামুন মেহেরপুরের পুলিশ সুপার মো: রাফিউল আলমের এ স্বীকৃতির পুরস্কার তুলে দেন।

জানা গেছে, ২০২২ সালে চোরাচালান মালামাল উদ্ধারে গ গ্রুপে সমগ্র দেশের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করে মেহেরপুর জেলা পুলিশ। ১৩ টি মামলায় ২১ জন আসামি গ্রেফতারসহ ৮৮ লাখ ৭০ হাজার ৪১৯ টাকার চোরাচালান মালামাল উদ্ধার করেছে জেলা পুলিশ।

চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে ওয়েভ ফাউন্ডেশনের ৫১৪ কর্মী চাকুরিচ্যুতে মানববন্ধন

চুয়াডাঙ্গা বেসরকারি সাহায্য সংস্থা ওয়েভ ফাউন্ডেশন কর্তৃক সম্প্রতি বেআইনিভাবে সংস্থার বিভিন্ন পর্যায়ের ৫১৪ জন কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরিচ্যুতির প্রতবিাদে চুয়াডাঙ্গায় মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছে এসব কর্মকর্তা-কর্মচারীরা।

সেই সাথে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেছে। শনিবার বেলা সাড়ে ১২ টার সময় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এই সময় তারা বলেন, ওয়েভ ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মহসিন আলী সংস্থার চাকুরী বিধি লঙ্ঘন করে ৬৮ বছর বয়সেও সম্পূর্ন অনৈতিক ভাবে নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব পালন করছেন।

এছাড়া তিনি নিজের মেয়েকে অনৈতিকতার সকল সীমা লঙ্ঘন করে ৮ ধাপ ডিঙিয়ে সংস্থার উপনির্বাহী পরিচালক-১ হিসাবে নিয়োগ দিয়েছেন। তার ক্ষেত্র প্রস্তুত করতে তিনি বিগত ৩ বছরে ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন পর্যায়ের অভিজ্ঞ, মেধাবী ও বিশ্বস্থ ৫১৪ জন কর্মকর্তা ও কর্মচারীকে সম্পূর্ণ অন্যায় ও অনৈতিক এবং অমানবিক ভাবে পূর্ব নোটিশ বাদে যৌক্তিক কারণ ছাড়াই চাকুরিচ্যুত করেছেন।

মানব বন্ধনে চাকুরিচ্যুতদের পক্ষে বক্তব্য রাখেন শফিউল ইসলাম রাজু,রকিবুল ইসলাম,শরিফা খাতুন, শিখা রানী, শেফালী খাতুন, সুলতানা খাতুন, জাহাঙ্গীর আলম, তহুরা খাতুন, আনোয়ার হোসেন সহ অন্যান্যরা। পরিশেষে তারা ওয়েভ ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মহসিন আলীর কুশপুত্তলিকা দাহ করেন এবং চুয়াডাঙ্গা জেলা প্রাশসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করে স্বারকলিপি প্রদান করেন।

সম্প্রতি বেসরকারি সাহায্য সংস্থা ওয়েভ ফাউন্ডেশনে তুঘলকি কান্ড

চাকুরি ফিরে পাওয়া সহ এই অমানবিক ও অন্যায়-অবিচারের প্রতিকার চেয়ে এনজিও সেক্টরের নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠান মাইক্রো রেগুলেটরি অথরিটি (এমআরএ) কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়েও নির্ঘুম রাত ও আতঙ্কিত জীবন যাপন করছেন চাকুরি হারানো ঐ সকল মানুষজন। কারন এমআরএ’র কাছে অভিযোগ জানানোর কারনে ওয়েভ ফাউন্ডেশনের নির্বাহী কর্তৃপক্ষের কাছ থেকে বিভিন্ন ভাবে ভয়-ভীতি প্রদর্শন এমনকি কারো কারো প্রাননাশের হুমকি পর্যন্ত দেয়া হচ্ছে বলেও জানা গেছে।

এমতাবস্থায় মাননীয় প্রধানমন্ত্রীসহ এনজিও সেক্টরের নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠান মাইক্রো রেগুলেটরি অথরিটি (এমআরএ) কর্তৃপক্ষের প্রতি তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জোর দাবী জানিয়েছেন ভূক্তভোগী পরিবার সহ সচেতন মহল।